



# মুন্স ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ

মুন্স সিটি, গিল্ড, মানিকগঞ্জ

## বিজ্ঞপ্তি

সূত্র নং: এমআইএসসি/ত্রাণ

তারিখঃ ২৪/০৮/২৪ইং

## বন্যা কবলিত অঞ্চলের জন্য সহযোগিতা প্রদান প্রসঙ্গে

- ১। এতদ্বারা অত্র প্রতিষ্ঠানের সকল শিক্ষক, শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আকস্মিক বন্যায় কুমিল্লা, ফেনী ও নোয়াখালীর অধিকাংশ অঞ্চলসহ দেশের ১২টি জেলা পানিতে তলিয়ে গেছে। আক্রান্ত অঞ্চলে কোন খাবার ও পানি না থাকায় এ সকল এলাকায় আক্রান্ত মানুষগণ নিদারুণ কষ্টে দিনাতিপাত করছেন। মুন্স ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ মানবতার ডাকে সাড়া দিয়ে এ সকল আক্রান্ত অঞ্চলের মানুষের পাশে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। স্কুলের সকল শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রী এবং কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণে আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।
- ২। এ লক্ষ্যে শ্রেণি শিক্ষকগণ ছাত্র-ছাত্রীদের স্বাক্ষরপূর্বক নামীয় তালিকা ও জমাকৃত নগদ অর্থের তালিকা প্রস্তুত করবেন যার মাধ্যমে কেন্দ্রীয়ভাবে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে। সংগৃহীত অর্থ সরেজমিনে গিয়ে অথবা সেনাবাহিনীর রিলিফ ফান্ডে এ জমা দেওয়া হবে।
- ৩। বিষয়টি সকল শিক্ষক, শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকদের অবগতি এবং বন্যার্তদের সহায়তায় এগিয়ে আসার লক্ষ্যে প্রচার করা হলো।

লে. কর্নেল মোঃ জাহিরুল ইসলাম (অব.)

অধ্যক্ষ